মেহেরপুর পৌরসভার উদ্যোগে প্রধানমন্ত্রীর ত্রাণ বিতরণের উদ্বোধন

চলমান কোভিড-১৯ করোনা মহামারীতে ক্ষতিগ্রস্ত দুঃস্থ ও অসহায় পরিবারের মাঝে মেহেরপুর পৌরসভায় ১ হাজার পরিবারের মাঝে প্রধানমন্ত্রীর উপহার হিসেবে ১৫’কেজি করে চাউল বিতরণের উদ্বোধন করা হয়েছে।

রবিবার দুপুরে মেহেরপুর পৌরসভা প্রাঙ্গণে পৌর মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজ রহমান রিটন চাল বিতরণের উদ্বোধন করেন।

এসময় পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী মেহেরপুর পৌর এলাকার দরিদ্র ও নিম্নবিত্ত পরিবারের তালিকা করে প্রতিটি পরিবারের মাঝে ১৫ কেজি করে চাল বিতরণ করা হচ্ছে। তিনি আরো বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশনা মেনে আমাদের সবাইকে দুর্নীতি ও অনিয়মের বিরুদ্ধে থেকে আন্তরিকতা, সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করে যেতে হবে। তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, যদি কোনো কর্মকর্তা-কর্মচারী অনিয়ম ও দুর্নীতির সঙ্গে জড়িত হয়ে পড়ে তবে তাদের বিরুদ্ধে তদন্ত করে বিভাগীয় মামলা সহ কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সেজন্য আমরা যারা রাজনৈতিকভাবে প্রতিনিধিত্ব করছি তাদের প্রতি আমার অনুরোধ জননেত্রী শেখ হাসিনার সোনার বাংলাদেশ গড়ার প্রত্যয় আমাদেরকে ঐক্যবদ্ধ ভাবে জনগণের সেবায় কাজ করে যেতে হবে।

এসময় উপস্থিত ছিলেন পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান, পৌর কাউন্সিলর শাকিল ইভান, সৈয়দ আব্দুল্লাহ হেল বাপ্পি, নুরুল আশরাফ রাজিব, যুবলীগ নেতা আমানুর রহমান সোহেল, শেখ সারাফাত, রোকন খান ,সদর থানা ছাত্রলীগের সাধারন সম্পাদক ফয়সাল আহমেদ সহ পৌরসভার কর্মচারীগন।

গাংনীতে শ্রমজীবী ও অসচ্ছল ব্যাক্তিদের হাতে চেক তুলে দিলেন এমপি খোকন

মেহেরপুরের গাংনী উপজেলার শ্রমজীবী ও অসচ্ছল ৩৯ জনের মাঝে চেক প্রদান করেছে শ্রমও কল্যাণ কর্ম সংস্থান মন্ত্রনালয়।

মঙ্গলবার বেলা ১১ টায় মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য ও উপজেলা আয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন তার নিজ বাসভবনে উপস্থিত থেকে ৩৯ জন শ্রম জীবী মানুষের মাঝে এই চেক বিতরণ করেন।

এই উপজেলার শ্রমজীবি অস্বচ্ছল মানুষের আবেদনের ভিত্তিতে শ্রম ও কর্ম সংস্থান কল্যাণ মন্ত্রনালয় ৩৯ জন মানুষের মাঝে ৩ লক্ষ ৭৫ হাজার টাকা বরাদ্দ দিয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন কুষ্টিয়া অঞ্চলের শ্রম অধিদপ্তরের সহকারি পরিচালক সিরাজুল ইসলাম, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, বামন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুর রহমান কমল, গাংনী উপজেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের আহবায়ক রবিউল ইসলাম প্রমুখ।

মেহেরপুরের গাংনীতে জেলা ছাত্রদল ও বিএনপি’র উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুরের গাংনীতে করোনায় কর্মহীন হয়ে পড়া অসহায় পরিবারের মাঝে জেলা ছাত্রদল সাহারবাটি ইউনিয়ন ও উপজেলা বিএনপি কাথুলী ইউনিয়নে খাদ্য সামগ্রী বিতরণ করেছে।

মেহেরপুর জেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টনের সার্বিক সহযোগীতায় মঙ্গলবার সকাল ৬ টায় বাংলাদেশ জেলা জাতীয়তাবাদী ছাত্রদলের উদ্যোগে সাহারবাটি ইউনিয়নে করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে লকডাউনে থাকা ২২০টি কর্মহীন ও অসহায় পরিবারকে এ সহায়তা প্রদান করা হয়।

পরে সকাল ৭ টার সময় কাথুলী ইউনিয়নের রামকৃষ্ণপুর ধলা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে উপজেলা বিএনপি’র উদ্যোগে ২০০ পরিবারের মাঝে এ খাদ্য প্রদান করা হয়। উপজেলা বিএনপি’র সভাপতি ও তেতুলবাড়িয়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান রেজাউল হকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য ও মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুন।

এছাড়াও জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, যুবদল নেতা আক্তারুজ্জামান, জেলা বিএনপির সাহিত্য ও প্রকাশনা বিষয়ক সম্পাদক প্রভাষক আক্তাজ্জামান, জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আব্দাল হক, সাধারণ সম্পাদক কাউছার আলী,

গাংনী উপজেলা স্বেচ্ছা সেবক দলের সভাপতি শহিদুল ইসলাম, বিএনপি নেতা জাফর আকবর, হাসানুজ্জামান, সাহেব আলী সেন্টু, সাবেক ছাত্রদল নেতা আক্তারুজ্জামান লাভলু, কামরুল ইসলাম, বিএনপি নেতা সাহিদুল ইসলাম, জামাল আহমেদ, সালাউদ্দীন, জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হোসেন, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাস, যুগ্ম আহবায়ক নাসিম খাদ্য বিতরণ কাজে উপস্থিত ছিলেন।

বৃষ্টিতেও থেমে নেই মেহেরপুর পৌর মেয়রের খাদ্য বিতরণ

করোনা আতঙ্ক ও বৃষ্টি উপেক্ষা করে খাদ্য বিতরণ অব্যাহত রেখেছেন মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

মঙ্গলবার বিকালে শহরের ৯ নং ওয়ার্ডের পোষ্ট অফিস পাড়া থেকে

কাস্টম পাড়া পর্যন্ত ৩শ পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

জেলা যুবলীগের আহবায়ক ও মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন প্রতিটি বাড়িতে বাড়িতে গিয়ে এই খাদ্য সামগ্রী তুলে দেন।

চলমান খাদ্য বিতরণে এ পর্যন্ত শহরের প্রায় ১০ হাজার পরিবার পেয়েছে মেয়রের খাদ্য সহায়তা।

মেহেরপুরে ছাত্রলীগ নেতার ঈদ উপহার বিতরণ

করোনা মহামারীর কারণে সাধারণ অসহায় কর্মহীন খেটে খাওয়া মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

বুধবার সকাল ১০ টার সময় মেহেরপুর সদর উপজেলার আমদাহ গ্রামে জেলা শাখা ছাত্র লীগের সহ-সভাপতি তানভিরের নিজ উদ্যোগে ৫০০ টি পরিবারের মধ্যে এই ঈদ সামগ্রী বিতরণ করে।

তানভির জানান, বিগত ৩০ এ এপ্রিল প্রায় ৩০০ পরিবারের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করছি।

তারই পরিপেক্ষিতে আজ আমরা ৫০০ পরিবারের মধ্যে এই ঈদ উপহার সামগ্রী বিতরণ করেছি। আশা করি আগামীতেও সহযোগিতা করবো ইনশাআল্লাহ।

মেহেরপুরে পরকিয়ার জেরে যুবককে

খুনের অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার দরবেশপুর গ্রামে পরকিয়ার জের ধরে সুজন নামের এক যুবক খুন করার অভিযোগ উঠেছে।
সোমবার দুপুরে তাকে নিজ ঘরে ক্ষতবিক্ষত অবস্থায় উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার সকালে তার মৃত্যু হয়।
নিহত সুজন পেশায় ড্রাইভার, তিনি পুরাতন দরবেশপুর গ্রামের শাহজাহান এর ছেলে। এঘটনায় সুজনের চাচাতো ভাবি শিরিনাকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করেছে পুলিশ।
নিহত সুজনের চাচা মখলেছুর রহমান বলেন, গত রবিবার রাতে কোন এক সময় সুজনের মাথাসহ শরীরের বিভিন্ন জায়গায় কে বা কাহারা আঘাত করে । পরে গ্রামের কোন এক ডাক্তারকে দিয়ে সুজনের চিকিৎসা করানো হয়। গত সোমবার দুপুরে রিকু ও লাবু নামের দুইজন সুজনের বাড়িতে গিয়ে খারাপ অবস্থা দেখে হাসপাতালে ভর্তি করে। সেখানে মঙ্গলবার তার মৃত্যু হয়।
মখলেছ পরিবারের বরাত দিয়ে অরো জানান, সুজন গলায় দড়ি দিতে যাচ্ছিল এমন সময় তাকে বাচানোর জন্য আঘাত করা হয়। পাশের বাড়ির চাচাতো ভাবি শিরিনার সাথে সুজনের কোন অবৈধ সম্পর্ক থাকতে পারে। এজন্য সুজনের বউ কাকলি খাতুনের সাথে প্রায়ই ঝগড়া হতো। এরই জের ধরে সুজনকে মারতে পারে বলে ধারনা করছি।
দরবেশপুর ৬ নং ওয়ার্ড ইউপি সদস্য জয়নাল আবেদিন জানান, সুজনের বিষয়ে আমি শুনেছি। এদের ঘরে ঘরে ঝামেলা ছিল। সুজন মারা যাওয়ার পর পুলিশ এসে তার চাচাতো ভাবিকে আটক করে।
মেহেরপুর সদর থানা ওসি শাহ দারা খান বলেন, দরবেশপুরের খুনের ঘটনায় প্রাথমিক জিজ্ঞাসাবাদের জন্য নিহতের চাচাতো ভাবিকে থানায় আনা হয়েছে। সেই সাথে তার বউ কাকলিকেও জিজ্ঞাসাবাদের জন্য থানায় আনা হবে। সুজনের লাশ ময়না তদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে।

একদিনে করোনা কেড়ে নিল আরও ২১ প্রাণ, শনাক্ত ১২৫১

দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ২১ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়াল ৩৭০ জনে।

এই সময়ের মধ্যে নতুন করে আক্রান্ত হয়েছেন ১ হাজার ২৫১ জন। এ নিয়ে সর্বমোট আক্রান্ত ২৫ হাজার ১২১।

এ ছাড়া নতুন করে ৪০৮ জনসহ মোট ৪ হাজার ৯৯৩ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। মঙ্গলবার বিকালে স্বাস্থ্য অধিদফতরের নিয়মিত সংবাদ ব্রিফিংয়ে এসব তথ্য তুলে ধরেন অধিদফতরটির অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় ৯ হাজার ৯১টি নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে ৮ হাজার ৪৪৯টি নমুনা পরীক্ষা করে ১ হাজার ২৫১ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মারা গেছেন ২১ জন।

আগের দিন সোমবার বাংলাদেশে করোনাভাইরাসের রেকর্ড পরীক্ষা, রোগী শনাক্ত ও মৃত্যু হয়। ওইদিন দেশে ১৬০২ জন কোভিড-১৯ রোগী শনাক্ত হয়েছিলেন, মৃত্যু হয়েছে ২১ জনের।

ডা. নাসিমা জানান, গত ২৪ ঘণ্টায় মারা যাওয়া রোগীদের মধ্যে ১৩ জন হাসপাতালে মৃত্যুবরণ করেছেন, তিনজন বাসায় এবং পাঁচজন হাসপাতালে মৃত অবস্থায় এসেছেন।

তিনি জানান, বয়সের দিক থেকে একজন ১১ থেকে ২০ বছরের, দুজন ২১ থেকে ৩০ বছরের, দুজন ত্রিশোর্ধ্ব, পাঁচজন চল্লিশোর্ধ্ব, পাঁচজন পঞ্চাশোর্ধ্ব, চারজন ষাটোর্ধ্ব এবং দুজন সত্তরোর্ধ্ব।

স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক আরও জানান, মারা যাওয়া কোভিড রোগীদের মধ্যে ঢাকা বিভাগের ১৪ জন, চট্টগ্রাম বিভাগের ৪ জন এবং ময়মনসিংহ, বরিশাল ও খুলনা বিভাগের একজন করে রয়েছেন।

ঢাকা বিভাগের মধ্যে রাজধানীতে সাতজন এবং জেলায় দুজন, নারায়ণগঞ্জে দুজন, গাজীপুরে দুজন ও নরসিংদীতে একজন মারা গেছেন।

চট্টগ্রাম বিভাগের মধ্যে চট্টগ্রাম জেলায় একজন, কুমিল্লা জেলায়

দুজন, চাঁদপুরে একজনের মৃত্যু হয়েছে। এছাড়া অন্য তিন বিভাগের মধ্যে শেরপুর, বাগেরহাট ও ঝালকাঠিতে একজন করে মারা গেছেন।

কুষ্টিয়ার খোকসায় যুবকের ঝুলন্ত লাশ উদ্ধার

কুষ্টিয়ার খোকসায় নাজমুল (১৮) নামে এক মানসিক ভারসাম্যহীন এক যুবকের ঝুলন্ত লাশ উদ্ধার করেছে পুলিশ।
গতকাল সোমবার উপজেলার শোমসপুর ইউনিয়নের সাতপখিয়া গ্রাম থেকে ঐ যুবকের লাশ উদ্ধার করে পুলিশ।
নিহত যুবক একই গ্রামের লিয়াকত আলীর ছোট ছেলে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, উপজেলার সাতপাখিয়া গ্রামের লিয়াকত আলী’র ৪ সন্তানের মধ্যে সবার ছোট ছেলে মানসিক ভারসাম্যহীন নাজমুল (১৮) রবিবার রাতে বাড়ির পাশে গাছের ডালের সাথে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে।

সংবাদ পেয়ে সোমবার সকালে খোকসা থানা পুলিশ লাশ উদ্ধার করে কুষ্টিয়া হাসপাতাল মর্গে প্রেরণ করে। ছেলে নাজমুলের গলায় ফাঁসের বিষয়ে জিজ্ঞাসাবাদের জন্য বাবা লিয়াকত কে থানায় নেয়া হয়েছে।

এ ব্যাপারে খোকসা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাজমুল আলম গলায় ফাঁস দিয়ে যুবকের মৃত্যুর ঘটনার সত্যতা স্বীকার করে জানিয়েছে, লাশ উদ্ধার করে মর্গে পাঠানো হয়েছে। এ ব্যাপারে একটি অপমৃত্যুর মামলা দায়ের করা হয়েছে।

কুষ্টিয়ায় ‘আমফান’ মোকাবেলায় জরুরি সভা

ঘূর্ণিঝড় ‘আমফান’ মোকাবেলায় কুষ্টিয়া জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির জরুরি সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল সোমবার দুপুরে কুষ্টিয়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভায় সভাপতিত্ব করেন, জেলা প্রশাসক মোঃ আসলাম হোসেন।

সভায় আরও উপস্থিত ছিলেন কুষ্টিয়ার পুলিশ সুপার এসএম তানভীর আরাফাত, কুষ্টিয়া জেলা পরিষদের চেয়ারম্যান হাজী রবিউল ইসলাম, স্থানীয় সরকারের উপ-পরিচালক মৃনাল কান্তি দে সহ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ও দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ।

সভায় জানানো হয়, আগামী ১৯ মে রাত ২ টার দিকে ঘুর্ণিঝড় ‘আমফান’ উপকূলীয় জেলা ও তার পার্শ্ববর্তী জেলাসমূহে আঘাত হানতে পারে বলে পূর্বাভাসে জানানো হয়েছে। এই ঝড় সিডরের মত ক্ষয়ক্ষতি সাধন করতে পারে বলে ধারণা করা হচ্ছে। স্থানীয় জনগণকে মানসিকভাবে প্রস্তুত থাকতে বলা হয়েছে।

প্রয়োজনে স্থানীয় স্কুল কলেজ গুলোকে সাময়িক আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহার করতে হবে। বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হতে পারে। সবাইকে মোবাইল ফোন বা সম্ভাব্য অন্যান্য যন্ত্রে পর্যাপ্ত চার্জ দিয়ে রাখতে অনুরোধ করা হলো।

ঝড়ে ক্ষয়-ক্ষতির পরিমাণ বেশি হলে এবং খাদ্যের সংকট হলে জেলা প্রশাসনের কন্ট্রোল রুম নম্বরঃ ০১৭২৩-৩২০৯৬৪ তে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।

একই সাথে সবাই করোনা বিষয়ে সাবধান থাকবেন। সামাজিক দূরত্ব মেনে চলুন। অতি-প্রয়োজনীয় না হলে ঘর থেকে বের হওয়া থেকে বিরত থাকতেও অনুরোধ জানানো হয়।

আলমডাঙ্গায় সাপের দংশনে স্কুলছাত্রের মৃত্যু

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার চরপাড়া গ্রামে সাপের দংশনে বিদ্যুৎ হোসেন (১৫) নামের এক স্কুলছাত্রের মৃত্যু হয়েছে।
গত রবিবার রাতে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। সে গ্রামের তানহার আলীর ছেলে এবং স্থানীয় জেবিসি মাধ্যমিক বিদ্যালয়ের ১০ম শ্রেণির ছাত্র।